ভোরের কাগজ

তারিখ 28 OCT 2002
পৃষ্ঠা 8 কলাম ৬

# শাবি ছাত্রদলের সম্মেলন আগামীকাল

## নতুন কমিটি গঠন নিয়ে চলছে জোর গ্রুপিং লবিং

শাবি প্রতিনিধি : ছাত্রদল, শাহজালাল বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন আগামীকাল ২৯ অক্টোবর মঙ্গলবার। এ সম্মেলনকে কেন্দ্র করে বেশকিছুদিন ধরে সংগঠনের মধ্যে চলে আসছে ব্যাপক গ্রুপিং-লবিং। কেননা এ সম্মেলনেই নির্বাচিত হবে দলের পূর্ণাঙ্গ কমিটি। কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক এই তিনটি গুরুত্বপূর্ণ পদ লাভের জন্য পৃথক পৃথকভাবে চেষ্টা করছে অন্তত ৫টি গ্রুপ।

গত ৫ অক্টোবর ছাত্রদল কেন্দ্রীয় সংসদ দলের শাবি শাখার ৩১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক করা হয়। এতে রেজা শরিফ কামালুকে আহ্বায়ক করা হয়। ৪ যুগ্ম আহ্বায়ক করা হয় আদির হাসান বসুনিয়া, মোখলেছুর রহমান পারভেজ, এমরান হাসান ভূঁইয়া ও মামুন-অর-রশীদ শান্তকে। আহ্বায়ক কমিটিতে দলের অনেক ত্যাগী কর্মী কাঙ্ক্ষিত পদ না পাওয়ায় পরবর্তিতে ক্যাম্পাসে ব্যাপক সমালোচনা হয়।

আজকের সম্মেলনে ৫টি গ্রুপই সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক পদে আলাদা আলাদা প্যানেল দিচ্ছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। এ নিয়ে গ্রুপগুলোতে জোর গ্রুপিং-লবিং চলছে। এক্ষেত্রে কামাল গ্রুপের ৮টি, আদিব গ্রুপের ৭টি, শান্ত গ্রুপের ৬টি, সিলেটি গ্রুপের ৬টি এবং পারভেজ (কুমিল্লা) গ্রুপের ৪টি ভোট রয়েছে।

এদিকে সভাপতি পদে আদিব, কামাল, পারভেজ (সিলেট) ও পারভেজ (কুমিল্লা) এর নাম শোনা যাচ্ছে। পারভেজ (কুমিল্লা) গ্রুপের সভাপতি পদে দাঁড়ালেও যুগ্ম আহ্বায়ক পদ না থাকায় যে কোনো গ্রুপের জন্য তিনি তুরুপের তাস হিসাবে কাজে আসতে পারেন। সাধারণ সম্পাদক পদে শান্ত ও এমরানের নাম শোনা গেলেও শেষ দৌড়ে শান্ত নির্বাচিত হতে পারেন বলে আহ্বায়ক কমিটির অনেক সদস্য মনে করেন। সাংগঠনিক সম্পাদক পদে সিলেটি গ্রুপের মোমেন, আদিব গ্রুপের জসিম ও পারভেজ গ্রুপের ফুয়াদের নাম শোনা যাচ্ছে। তবে জসিমের সম্ভাবনাই বেশি বলে অনেকে মনে করছেন।